দৈনিক বাংলা

017

তারিখ ... DEC 1987 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... 1 ...

# নিলামে শিক্ষক পদ!

উন্নত দেশের বাজারে পিকাসোর ছবি, লেডী সিমসনের গয়না বা চার্লি চ্যাপলিনের টুপি যখন নিলামে ওঠে তখন পৃথিবীময় সাড়া পড়ে যায়। অর্থবানরা নিলাম ডাকেন আর যাদের তেমন কোন সঙ্গতি নেই তারা নিলামের খবর শোনেন। দুই দলের কাছেই বিষয়টা মোটামুটিভাবে চমকপ্রদ। তেমন জমকালো নিলাম আমাদের দেশে হয় না। তবে সরকারী গুদামের মালামাল মাঝে মাঝে নিলামে ওঠে। ভিসিআর, টিসিপি আর রঙ্গীন টিভির মত আমাদের দেশের মানুষের উপযোগী কিছু রঙ্গীন স্বপ্ন ওই নিলামে ওঠে। কিন্তু পাবনা থেকে আমাদের সংবাদদাতা এবার বেশ চমকপ্রদ এক নিলামের খবরই জানিয়েছেন। না, মোগল সম্রাটদের আমলের কোন স্বর্ণমুদ্রার নিলামের খবর নয়। শিক্ষকের পদ নাকি সেখানে নিলামে উঠেছে।

গত মার্চ মাসে ঢাকার প্রাথমিক শিক্ষক অধিদফতর থেকে পাবনার বেড়া উপজেলার জন্যে ১৯ জন শিক্ষক নিয়োগের নির্দেশ দেয়া হয়। ওই নির্দেশ কার্যকর করতে প্রার্থীদের ইন্টারভিউ নেয়া হয় ঠিকই। কিন্তু তারপরেই বিষয়টা বেশ ঘোলাটে হয়ে ওঠে। অসমর্থিত খবরে জানা যায় যে অতঃপর সবকটি পদই গোপনে নিলামে তোলা হয়েছিল, ওই নিলামের সর্বোচ্চ ডাক নাকি ছিল চল্লিশ হাজার টাকা। উপজেলা শিক্ষা অফিসার অবশ্য শিক্ষক নিয়োগে অবৈধতার কথা স্বীকার করেছেন।

খবরটা যদি সত্যি হয় তাহলে একটা ব্যাপারে বোধ হয় নিশ্চিন্ত হওয়া যায় যে আর যেখানেই হোক অন্তত নিলামের বাজারে আমরা একদিক থেকে বিচার করলে, খুব বেশী পিছিয়ে নেই। চমকপ্রদ নিলামের আয়োজন আমরাও করতে পারি। সবে তো শিক্ষকের পদ নিলামে উঠেছে। এবার যদি কেউ ঘোষণা দেন যে আমরা একে একে আমাদের সবগুলি মূল্যবোধকে নিলামে তুলতে রাজী আছি, তাহলে কেউ কি খুব বেশী অবাক হবেন?